



## বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে র্যালি ও বৃক্ষরোপণ কর্মসূচি



৫ জুন ২০২৪-বুধবার বিশ্ব পরিবেশ দিবস। এই উপলক্ষে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের উদ্যোগে উপাচার্য অধ্যাপক সাদেকা হালিম, পিএইচডি- এর নেতৃত্বে একটি র্যালি পুরো ক্যাম্পাস প্রদক্ষিণ করে।

র্যালিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ হুমায়ুন কবীর চৌধুরী, বিজ্ঞান অনুষদের ডিন, প্রক্টর, ভূগোল ও পরিবেশ বিভাগের শিক্ষক-শিক্ষার্থীসহ আরো অনেকে অংশগ্রহণ করেন।

র্যালি শেষে উপাচার্য মহোদয়সহ অন্যান্যরা বিজ্ঞান ভবন চত্বরে কয়েকটি গাছের চারা রোপণ করেন।